বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেড

আমাদের কথা

সভ্যতার বিকাশ সাধনের অন্তরালে যাদের শ্রম ও মেধার সন্নিবেশ ঘটেছে তারা নিশ্চয়ই শিক্ষার সাথে সম্পৃক্ত এক জাতিগোষ্ঠী। একজন শিক্ষার্থীর সফল সুন্দর জীবন গড়ার ক্ষেত্রে বড় ভূমিকা রাখে শিক্ষার্থীর সুপ্ত প্রতিভা ও মেধার যথাযথ চর্চা। শুভ সুন্দর এই চর্চার জন্য কোলাহলমুক্ত শান্ত মনোরম পরিবেশে প্রতিষ্ঠিত হয়েছে ১৯৯৯ এর শুভক্ষণে বেপজা  পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম ইপিজেড। উন্নত মানের পরিবেশ ও অবকাঠামোগত সুবিধা প্রদানের পাশাপাশি সুশিক্ষা গ্রহণের নিমিত্তে অনুসরণ করা হয় শৃঙ্খলা, নীতি-নৈতিকতা, সৎ ও আদর্শ জীবন গড়ার পাঠাভ্যাস। শোভন সুন্দর প্রত্যয়ের শিক্ষার মহত্তর চিন্তার এক নান্দনিক প্রতিষ্ঠান বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম।

এ প্রতিষ্ঠানে রয়েছে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের জন্য সুবিধা।

ক) অর্ধ বেতনে পড়ার সুবিধা: চট্টগ্রাম ইপিজেড জোন, মেডিকেল, বিপিএসসি ও ইনভেস্টর ক্লাবে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সন্তান এবং শিল্প কারখানায় কর্মরত তৃতীয়, চতুর্থ শ্রেণির কর্মচারী ও শ্রমিকদের সন্তান।

খ) বেশ কয়েকটি প্রতিষ্ঠান কর্তৃক বৃত্তি প্রাপ্তির সুবিধা-

১। নিশান্তা কারিওয়াসাম বৃত্তি।

২। নাসির উদ্দিন মেমোরিয়াল স্কলারশিপ।

৩। জে জে মিলস (বিডি) একাডেমিক স্কলারশিপ (বৃত্তি)।

৪। কল্যাণ তহবিল।

গ) পরিবহনের সুবিধা -শিক্ষার্থীদের যাতায়াতের জন্য এ ব্যবস্থা রাখা হয়েছে।

ঘ) কম্পিউটার ল্যাব, বিজ্ঞানাগার ও লাইব্রেরি সুবিধা।

ঙ) সুপেয় পানির সুবিধা।

এক কথায় শিক্ষার্থীকে সুশিক্ষার আলোয় উদ্ভাসিত করার জন্য বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম ইপিজেড একটি আধুনিক মানসম্পন্ন অনন্য শিক্ষাপ্রতিষ্ঠান।

অধ্যক্ষ

প্রফেসর নাজমুল হক সিকদার

বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম ইপিজেড